অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলের শীতকালীন ভ্রমণের মৌসুম শুরু হওয়া উদযাপন যা সবার জন্য নতুন ও উদ্দীপনাপূর্ণ ক্রিয়াকলাপে ভরপুর

শীতকালীন উৎসব, উষ্ণ খাবারের দোকান, স্কি মাউন্টেন আপগ্রেড এবং নতুন লজিং-এর অফার নিউ ইয়র্ক স্টেটব্যাপী মৌসুমি আনন্দ উপভোগের অসংখ্য সুযোগ প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজ এই শীতে নিউ ইয়র্ক স্টেটে লভ্য নতুন সব অভিজ্ঞতা অনুসন্ধানের জন্য নিউ ইয়র্কবাসীদের ও পর্যটকদের সমানভাবে আমন্ত্রণ জানিয়েছেন। আকর্ষণীয় রঙিন আলোর প্রদর্শনী এবং মোহনীয় বরফের প্রাসাদগুলো ভ্রমণকারীদেরকে এই মৌসুমের অনন্য সৌন্দর্য উপভোগ করতে আমন্ত্রণ জানায় এবং তাদেরকে মোহিত করে। আউটডোর অ্যাডভেঞ্চারে মেতে ওঠার জন্য স্কি মাউন্টেনগুলো সব স্তরের স্কিইং, স্নোবোর্ডিং ও স্নোশুয়িং এর সুযোগ অফার করে, অন্যদিকে জাদুঘর, শিল্প ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, এবং প্রাণবন্ত মিউজিক ভেন্যুগুলো অপেক্ষাকৃত উষ্ণ ইনডোর বিকল্প প্রদান করে।

"এটি নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ করার জন্য বছরের সবচেয়ে চমৎকার সময়," **বলেছেন গভর্নর হোকল**। "বরফে-ঢাকা ল্যান্ডস্কেপ থেকে শুরু করে বিশ্ব-মানের খাবার ও পানীয়, নিউ ইয়র্ক স্টেটে এই শীতে প্রত্যেকের জন্যই কিছু না কিছু রয়েছে। আমরা দেশব্যাপী ও বিশ্বব্যাপী বিভিন্ন জায়গা থেকে পর্যটকদের মজার অভিজ্ঞতা নিতে এবং নতুন স্মৃতি তৈরি করতে আমন্ত্রণ জানানোর জন্য প্রস্তুত আছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভাইস প্রেসিডেন্ট ও এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন,, "নিউ ইয়র্ক স্টেটে দেশের অন্য যেকোনো স্টেটের তুলনায় বেশি সংখ্যক স্কি এলাকা, 10,000 মাইলেরও বেশি দীর্ঘ স্নোমোবাইল ট্রেইল, দেশের দীর্ঘতম বহুমুখী ব্যবহারের ট্রেইল এবং হাজারো জাদুঘর, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, পারফর্ম্যান্স ভেন্যু এবং শীতকালীন কার্নিভালের মতো বিশেষ অনুষ্ঠান রয়েছে। শীতল আবহাওয়া নিউ ইয়র্ককে একটি শীতকালীন বিস্ময়ে রূপান্তর করে, যা এটিকে দ্রুত বেড়ানোর জায়গায় অথবা স্থবির অবস্থা থেকে দীর্ঘ বিরতি নেয়ার জন্য একটি নিখুঁত গন্তব্যস্থলে পরিণত করে।"

নিউ ইয়র্ক স্টেটে এই শীতে নতুন অভিজ্ঞতাসমূহের কিছু নমুনা দেওয়া হলো:

ঢাল বেয়ে নামুন!
স্টেটব্যাপী 50টিরও বেশি স্কি এলাকার কোনো একটিতে অসাধারণ সময় কাটানোর জন্যআপনার ব্যাগ গুছান আর আপনার স্কি বা বোর্ড সঙ্গে নিন। মনে রাখবেন: এসব পর্বতের অনেকগুলোতেই তৃতীয় ও চতুর্থ গ্রেডারদের জন্য স্কি করা ফ্রি, এবং সবচেয়ে হালনাগাদ তথ্য জানতে স্কি অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক (Ski Association of New York)-এর তুষার সংক্রান্ত রিপোর্ট চেক করতে ভুলবেন না।

- উইন্ডহ্যাম মাউন্টেন বড় ধরনের উন্নয়নে জন্য 4 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যার মধ্যে স্নোমেকিং আপগ্রেড, একটি পরিবেশবান্ধব গ্রুমার, চিলড্রেন'স লার্নিং সেন্টার (Children's Learning Center)-এর পুনঃউন্নয়ন এবং একটি নতুন "ম্যাজিক কার্পেট" কনভেয়র লিফট স্থাপন অন্তর্ভুক্ত রয়েছে।
- এলিকটভিলের হলিডে ভ্যালি ইয়োডেলার এক্সপ্রেস (Yodeler Express) নামক একটি উচ্চগতির ডিটাচেবল কোয়াড চেয়ারলিফট ইনস্টল করেছে যা নবীনদের সাহায্য করবে এবং 2,000-ফুট উঁচু পর্বতের চূড়ায় ঘণ্টায় 2,400 লোককে পরিবহন করে নিয়ে যাওয়ার মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি করবে।
- হিলসড্যালের ক্যাটামাউন্ট মাউন্টেন রিসোর্ট (Catamount Mountain Resort) তাদের স্নোমেকিং সিস্টেমের উল্লেখযোগ্য উন্নতি সম্পন্ন করেছে, দুইটি নতুন চেয়ারলিফট ইনস্টল করেছে এবং বেস এরিয়ায় খাবার ও পানীয়ের নতুন অপশন যোগ করেছে।
- উইলমিংটনের হোয়াইটফেস (Whiteface) তাদের তিন-ধাপের স্নোমেকিং উন্নয়ন প্রকল্পের (যার মধ্যে প্রায় 30,000 ফুট স্নোমেকিং পাইপ প্রতিস্থাপন অন্তর্ভুক্ত রয়েছে) ধাপ II-এ একটি নতুন স্কাইট্র্যাক কোয়াডের ব্যবস্থা করেছে এবং তাদের ক্লাউডস্প্লিটার গন্ডোলার সংস্কারকাজ সম্পন্ন করেছে।
- ক্যানানডাইগুয়ার ব্রিস্টল মাউন্টেন তাদের গ্যালাক্সি লিফট পডের সাথে পোলারিস নামের একটি নতুন ট্রেইল সংযোজন করেছে, তাদের স্নোমেকিং সক্ষমতার উন্নয়ন করেছে ও সব লিফটে এক্সেস স্মার্ট গেইট (Axess Smart Gates) স্থাপন করেছে যাতে স্কিয়ার ও রাইডাররা তাদের ব্রিস্টল গেটওয়ে কার্ড দিয়ে পর্বত অ্যাক্সেস করতে পারেন।
- স্পেকুলেটরের ওক মাউন্টেন তাদের স্নোমেকিং সক্ষমতা দ্বিগুণে উন্নীত করেছে, তাদের বানি হিল টি-বারকে একটি সানকিড সারফেস লিফট দিয়ে প্রতিস্থাপন করেছে, এবং তাদের "রোসিগনোল রেন্টাল ফ্লিট"-এ নতুন স্কি ও স্নোবোর্ড যোগ করেছে।

শীতকাল ও ইতিহাস উদযাপন করুন
শীতকালীন উৎসবগুলো নিউ ইয়র্ক স্টেটব্যাপী সবচেয়ে জনপ্রিয় বার্ষিক অনুষ্ঠানগুলোর মধ্যে অন্যতম। এবছর স্মৃতিচারণ ও অনুষ্ঠানের মধ্য দিয়ে এই মৌসুম উদযাপনের জন্য এরচেয়ে ভালো কোনো জায়গা নেই।

- কায়ুগা কাউন্টিতে অউবার্নে হ্যারিয়েট টাবম্যানের বাড়িতে ও আশেপাশের কমিউনিটিগুলোতে ঘুরতে গিয়ে তার 200তম জন্মবার্ষিকী উদযাপন করুন। 2022 সালের 10 মার্চ থেকে 15 মার্চ পর্যন্ত পালিত হতে যাওয়া, হ্যারিয়েট টাবম্যান সপ্তাহ চলাকালীন সময়ে হ্যারিয়েট টাবম্যান ন্যাশনাল হিস্টোরিকাল পার্কে (Harriet Tubman National Historical Park) তার বাড়ি, সিউয়ার্ড হাউজ মিউজিয়াম (Seward House Museum), এবং তিনি যেখানে শায়িত আছেন, সেই ফোর্ট হিল সেমেটারি (Fort Hill

Cemetery) সহ বিভিন্ন স্থানে বিশেষ ক্রিয়াকলাপ আয়োজন করা হবে। আরো স্মৃতিচারণ অনুষ্ঠানের কথা পরবর্তীতে ঘোষণা করা হবে।

- সেনেকা ফলসে, 8 থেকে 12 ডিসেম্বর পর্যন্ত "ইট'স আ ওয়ান্ডারফুল লাইফ" এর 75তম বার্ষিকী উদযাপনের অনুষ্ঠানে যোগ দিন যেখানে বেইলি চিলড্রেন ও তাদের বন্ধুরা সহ অভিনয় শিল্পীদের অনেকেই পুনরায় একত্রিত হবেন।
- নিউ ইয়র্ক স্টেটে প্রথমবারের মতোবরফের প্রাসাদ প্রদর্শনীর আয়োজন থাকছে, যেখানে লেক জর্জের চার্লস উড পার্কে ফেস্টিভেল কমন্স (Festival Commons)-এ LED আলো ও রঙিন বরফের প্রদর্শনীর ব্যবস্থা থাকবে। এই নতুন শীতকালীন অনুষ্ঠানটি আবহাওয়ার উপর নির্ভর করে জানুয়ারির শুরু থেকে মার্চের শুরু পর্যন্ত চালু থাকবে বলে আশা করা হচ্ছে।
    - এছাড়াও লেক জর্জে, ডিসেম্বরের মাঝামাঝি সময় থেকে শুরু করে মার্চ পর্যন্ত লেক জর্জ উইন্টারফেস্ট (Lake George Winterfest) আয়োজিত হবে, এবং ফেব্রুয়ারি মাসের প্রত্যেক শনিবার ও রবিবার লেক জর্জ উইন্টার কার্নিভাল (Lake George Winter Carnival) আয়োজিত হবে।
- এই শীতে প্রথমবারের মতো লং আইল্যান্ডে লুমিনো সিটি (LuminoCity) উৎসব আয়োজিত হতে যাচ্ছে। 9 জানুয়ারি পুরো দিনব্যাপী ম্যানহ্যাসেটে হুইটনি পন্ড পার্কে মোহনীয় আলোর প্রদর্শনী আয়োজন করা হবে।
    - এছাড়াও 9 জানুয়ারি দিনব্যাপী লং আইল্যান্ডে, ওল্ড ওয়েস্টবারি গার্ডেন্সে শিমারিং সোলস্টিস (Shimmering Solstice) আয়োজিত হবে, যা সঙ্গীতের সুরের সাথে সাথে ভূমিকে মনোমুগ্ধকর আলোক প্রদর্শনীতে পরিণত করবে। এই নতুন মৌসুমি অনুষ্ঠানটি পুরো পরিবারের উপভোগের জন্য আদর্শ হবে।
        - 27 নভেম্বর থেকে 18 ডিসেম্বর পর্যন্ত শনিবারগুলোতে সেটাউকেটের থ্রি ভিলেজ হিস্টোরিক্যাল সোসাইটি (Three Village Historical Society) ও গ্যালারি নর্থ (Gallery North)-এর মাটিতে হলিডে মার্কেট (Holiday Market) নামক একটি নতুন আউটডোর কমিউনিটি অনুষ্ঠানের সিরিজ আয়োজিত হবে।
- "নিউ ইয়র্ক স্টেটের প্রাণীদের জন্য নিবেদিত একমাত্র চিড়িয়াখানা", জু নিউ ইয়র্ক 26 নভেম্বর থেকে 2 জানুয়ারি পর্যন্ত উইকএন্ডের সন্ধ্যাগুলোতে উইন্টার ওয়ান্ডারলাইটস (Winter Wonderlights) আয়োজন করতে যাচ্ছে। বহু রঙের আলোয় আলোকিত চিড়িয়াখানা দেখতে রাতের বেলায় সেখানে ঘুরতে যান।
- 26 নভেম্বর থেকে 2 জানুয়ারি পর্যন্ত কেনসিকো ড্যাম প্লাজাতে ওয়েস্টচেস্টারের উইন্টার ওয়ান্ডারল্যান্ড ড্রাইভ-থ্রু হলিডে লাইট এক্সট্রাভ্যাগানজাতে আরো বেশি আলোকসজ্জা, ছুটির দিনের অ্যানিমেশন ও নতুন প্রদর্শনী দেখুন।

উষ্ণ খাবারের দোকান এবং ক্র্যাফট পানীয়ের জায়গা

এই শীতের মৌসুমে উষ্ণ খাবার উপভোগ করুন, নিউ ইয়র্কের ক্লাসিক খাবারের স্বাদ নিন এবং স্থানীয়ভাবে উৎপাদিত ক্র্যাফট পানীয় পান করুন।

- সাদার্ন টিয়ার ব্রিউইং কোম্পানি (Southern Tier Brewing Company বাফেলোতে হার্বারসেন্টারে একটি নতুন লোকেশন উদ্বোধন করেছে, যেখানে একটি পূর্ণাঙ্গ টেস্টিং রুম এবং "বিয়ার থেকে অনুপ্রাণিত" খাবারের মেনু রয়েছে।

- ব্রিক এন্ড আইভি (Brick & Ivy) হলো রচেস্টারে নতুন উদ্বোধন হওয়া BIPOC-এর মালিকানাধীন একটি রেস্তোরাঁ যেখানে ফুলকপি ভাজা, জার্ক সিয়ার্ড স্যামন, ও কনফিট ডাক লেগসহ অনন্য কিছু খাবারের সমন্বয় পাওয়া যাবে।
- সাগামোর-এর বিখ্যাত গ্লেসিয়ার আইস বার (Glacier Ice Bar), অ্যাডিরনড্যাক পাব এন্ড ব্রিউয়ারি-এর ফাঙ্কি আইস ফেস্ট (Adirondack Pub & Brewery's Funky Ice Fest) এবং এরলোওয়েস্টের উইন্টারফেস্ট সহলেক জর্জের কোনো একটি আইস বারে শীতল তাপমাত্রা উপভোগ করুন।.
- নতুন চালু হওয়া ক্যাটস্কিলের উইলা'স বেকারি (Willa's Bakery) স্থানীয়ভাবে উৎপাদিত উপাদান থেকে তৈরি মৌসুমি সকালের নাস্তা ও দুপুরের খাবারের ডিশগুলোর পাশাপাশি বিচিত্র ধরনের নতুন-তৈরি বেকড আইটেম অফার করে থাকে।
- এই ডিসেম্বরে ম্যাসেডনে চালু হতে যাওয়া ডিসব্যাচ ব্রিউইং কোম্পানি (DisBatch Brewing Company) ওয়েইন কাউন্টির প্রথম ব্রিউয়ারি হতে যাচ্ছে। কমিউনিটির জন্য একত্রিত হওয়া এবং নিরুদ্বেগে সময় কাটানোর একটি জায়গা করে দেয়ার উদ্দেশ্যে প্রথম সাড়াদানকারীরা এটি চালু করেছিলেন।
- আলবানিতে শীঘ্রই চালু হতে যাওয়া স্কিনি প্যানকেক (Skinny Pancake)স্থানীয় উপাদানগুলো ব্যবহার করে বিভিন্ন ধরনের ক্রেপ ডিশ অফার করার পরিকল্পনা করছে।
- রকল্যান্ড কাউন্টিতে, ব্লাউভেল্টে সম্প্রতি চালু হওয়া নোভা কিচেন এন্ড বার (Nova Kitchen & Bar) স্থানীয়ভাবে উৎপাদিত মৌসুমি উপাদান ব্যবহার করে প্রতিদিনের বিশেষ আইটেম তৈরি করে থাকে এবং এটি এমন এক দম্পতির স্বপ্নের ফসল যারা বাসগার্ল ও ডিশওয়াশার থেকে ম্যানেজার ও হেড শেফের অবস্থানে উঠে এসেছেন।

নতুন লজিং

সারা দিনব্যাপী ঘোরাঘুরির পরে পরবর্তী দিনের অ্যাডভেঞ্চারের জন্য নিউ ইয়র্ক স্টেটের একেবারে নতুন অথবা নতুনভাবে সংস্কারকৃত লজিং প্রোপার্টিগুলোতে বিশ্রাম নিন।

- 2022 সালে চালু হওয়ার সময় নির্ধারিত থাকা, লেক প্ল্যাসিডের গ্র্যান্ড অ্যাডিরনড্যাক হোটেল (Grand Adirondack Hotel) বিলাসিতার অনুভূতির সাথে অ্যাডিরনড্যাকে থাকার ক্লাসিক অভিজ্ঞতা এবং অন-সাইট রেস্তোরাঁগুলোতে অনন্য রন্ধনের স্বাদ গ্রহণের সুযোগ প্রদান করবে।
- ডাউনটাউন সারাটোগা স্প্রিংসের কেন্দ্রস্থলে অবস্থিত, স্পা সিটি মোটর লজ (Spa City Motor Lodge) সম্প্রতি বড় ধরনের সংস্কারকাজ ও রিব্র্যান্ডিং সম্পন্ন করেছে এবং শৈল্পিক ছোঁয়া সহ আরো আধুনিক সাজসজ্জা যোগ করছে।
- নতুন চালু হওয়া পিয়াউলে ক্যাটস্কিল (Piaule Catskill) চূড়ান্তভাবে নিরুদ্বেগ সময় কাটানোর জন্য আদর্শ জায়গা হিসেবে একটি বনের মধ্যে কেবিনের ব্যবস্থা রেখেছে, সেইসাথে রয়েছে হাইকিং ট্রেইল এবং একটি অন-সাইট রেস্তোরাঁ ও বার।
- শীতকাল পার হওয়ার পরে, অউবার্গ রিসোর্ট কালেকশন (Auberge Resorts Collection) 2022 সালের শেষের দিকে হাডসন ভ্যালির 140 একর নির্মল পরিবেশে ওয়াইল্ডফ্লাওয়ার ফার্ম (Wildflower Farms) চালু করতে যাচ্ছে।

উদ্দীপনাপূর্ণ নতুন ও সম্প্রতি চালু হওয়া আকর্ষণসমূহ

ঘরের ভেতরের ও ঘরের বাইরের, উভয় ধরনের আকর্ষণের সঙ্গে সব বয়সের দর্শনার্থীরা এই মৌসুমের উদ্দীপনায় অংশগ্রহণ করতে পারবে।

- স্কেনেকটেডির মোহাক হার্বার (Mohawk Harbor) একটি শীতকালীন নতুন অভিজ্ঞতার ব্যবস্থা করেছে, যেখানে 60x100 ফুট আইস স্কেটিং রিঙ্ক, বিকম্যান 1802-এর হলিডে পপ-আপ শপ, এবং ড্রুথার্স ব্রিউইং কোম্পানি (Druthers Brewing Company), শেকার এন্ড ভাইন (Shaker & Vine) এবং রিভার্স ক্যাসিনো এন্ড রিসোর্ট (Rivers Casino & Resort)-এর রেস্তোরাঁ রয়েছে।
- রচেস্টারের মেমোরিয়াল আর্ট গ্যালারি (Memorial Art Gallery) রেনেসাঁর প্রভাব: কার্ক এডওয়ার্ড লং এর সংগ্রহ থেকে ষোল শতকের মাস্টার প্রিন্ট প্রদর্শনীর আয়োজন করবে যা 6 ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। এই প্রদর্শনীতে রেনেসাঁ যুগের ভিজুয়াল সংস্কৃতিকে তুলে ধরা বিভিন্ন শিল্পীর 82টি মাস্টারওয়ার্ক প্রদর্শন করা হবে।
- আলবানিতে লার্ক হল (Lark Hall) সম্প্রতি সংস্কার ও পুনরুদ্ধার করে কনসার্ট ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়েছে, যেখানে বিচিত্র ধরনের ব্যান্ড ও পারফর্মারদের নিয়ে অনুষ্ঠান আয়োজিত হচ্ছে।
- চৌতাউকা কাউন্টিতে গেরির আর্ল কার্ডট ইস্টসাইড ওভারল্যান্ড ট্রেইল সিস্টেম 2021 সালে সম্প্রসারণ করা হয়েছে এবং এটিতে তিন মাইলেরও বেশি দীর্ঘ পরিপাটি ক্রস-কান্ট্রি স্কি ট্রেইল রয়েছে।
- নায়াগ্রা ফলস স্টেট পার্কে জমে যাওয়া জলপ্রপাতের সৌন্দর্য্য সব দিক থেকে প্রত্যক্ষ করুন। একটি অনন্য দৃশ্য উপভোগের সুযোগ করে দিতে, কেভ অব উইন্ডস (Cave of the Winds) দুইটি উন্মুক্ত অবজারভেশন ডেক থেকে নিবিড়ভাবে ও সরাসরি জলপ্রপাতের সৌন্দর্য্য দেখার জন্য দর্শনার্থীদের জন্য এলিভেটরের মাধ্যমে নায়াগ্রা গিরিখাদে নামার ব্যবস্থা রেখেছে।

অন দ্যা হরাইজন (On the Horizon)

এই উদ্দীপনাপূর্ণ আসন্ন অনুষ্ঠানের জন্য আপনার ক্যালেন্ডারে দাগ দিয়ে রাখুন।

- 2023 সালের 12 থেকে 22 জানুয়ারি পর্যন্ত লেক প্লাসিড ও এর আশেপাশের কমিউনিটিগুলোতে FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস (FISU World University Games) আয়োজিত হবে, যেখানে ব্যতিক্রমধর্মী আন্তর্জাতিক কলেজিয়েট অ্যাথলেটদের মধ্যে প্রতিযোগিতার আয়োজন করা হবে। এটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মাল্টি-স্পোর্ট শীতকালীন আয়োজন। আসন্ন শীতকালীন অলিম্পিকের ব্যাপারে উৎসাহী ব্যক্তিরা লেক প্লাসিডে গিয়ে অলিম্পিক জাদুঘরে (Olympic Museum), সম্প্রতি চালু হওয়া ক্লিফসাইড কোস্টারে (Cliffside Coaster) অলিম্পিকের ইতিহাসের অভিজ্ঞতা নিতে পারেন, অথবা রকিস এর পূর্বদিকে অবস্থিত একমাত্র অলিম্পিক ববস্লেড (Olympic bobsled)-এ আরোহণ করতে পারেন।

আই লাভ NY (I LOVE NY) ভ্রমণকারীদেরকে কোভিড সম্পর্কিত সকল জনস্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা মেনে চলার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে। আকর্ষণগুলো খোলা ও লভ্য রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে দর্শনার্থীদের উচিত হবে আগে থেকে ফোন করা এবং ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় চেক করে নেয়া। নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ ও কোভিড-19 সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটে নতুন অগ্রগতি ও অন্যান্য ঘটনা সম্পর্কে আরো তথ্য জানতে iloveny.com ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418